# আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯ : ২৯

## আরবি মূল আয়াত:

ضَرَبَ اللّٰہُ مَثَلًا رَّجُلًا فِیۡہِ شُرَکَآءُ مُتَشٰکِسُوۡنَ وَ رَجُلًا سَلَمًا لِّرَجُلٍ ؕ هَلۡ یَسۡتَوِیٰنِ مَثَلًا ؕ اَلۡحَمۡدُ لِلّٰہِ ۚ بَلۡ اَکۡثَرُهُمۡ لَا یَعۡلَمُوۡنَ ﴿۲۹﴾

## অনুবাদসমূহ:

আল্লাহ একটি দৃষ্টান্ত উপস্থাপন করেছেন : এক ব্যক্তি যার মনিব অনেক, যারা পরস্পর বিরোধী; এবং আরেক ব্যক্তি, যে এক মনিবের অনুগত, এ দু’জনের অবস্থা কি সমান? সকল প্রশংসা আল্লাহর; কিন্তু তাদের অধিকাংশই জানে না। — আল-বায়ান

আল্লাহ একটা দৃষ্টান্ত দিচ্ছেনঃ এক ব্যক্তি যার মুনিব অনেক- যারা পরস্পরের বিরোধী। আরেক ব্যক্তি যার সম্পূর্ণ মালিকানা একজনের (উপর ন্যস্ত), তুলনায় এ দু’জন কি সমান? যাবতীয় প্রশংসা আল্লাহরই (যে তিনি আমাদেরকে নানান দেবদেবীর কবল থেকে রক্ষা ক’রে একমাত্র তাঁরই সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন করার জন্য আমাদেরকে নির্দেশ দিয়েছেন), কিন্তু মানুষদের অধিকাংশ (এ আসল সত্যটা) জানে না। — তাইসিরুল

আল্লাহ একটি দৃষ্টান্ত পেশ করছেনঃ এক ব্যক্তির মালিক অনেক যারা পরস্পর বিরুদ্ধ ভাবাপন্ন এবং এক ব্যক্তির মালিক শুধু একজন; এই দুইয়ের অবস্থা কি সমান? প্রশংসা আল্লাহরই প্রাপ্য; কিন্তু তাদের অধিকাংশই এটা জানেনা। — মুজিবুর রহমান

Allah presents an example: a slave owned by quarreling partners and another belonging exclusively to one man - are they equal in comparison? Praise be to Allah! But most of them do not know. — Sahih International

২৯. আল্লাহ্ একটি দৃষ্টান্ত পেশ করছেনঃ এক ব্যক্তির প্রভু অনেক, যারা পরস্পর বিরুদ্ধভাবাপন্ন এবং আরেক ব্যক্তি, যে এক প্রভুর অনুগত; এ দু'জনের অবস্থা কি সমান? সমস্ত প্রশংসা আল্লাহরই; কিন্তু তাদের অধিকাংশই জানে না।(১)

(১) মুজাহিদ বলেন, এটা বাতিল ইলাহ ও সত্য ইলাহের জন্য দেয়া উদাহরণ। [তাবারী] অর্থাৎ মুশরিক ও প্রকৃত মুমিন। [আত-তাফসীরুস সহীহ]

তাফসীরে জাকারিয়া

(২৯) আল্লাহ একটি দৃষ্টান্ত বর্ণনা করছেনঃ এক ব্যক্তির প্রভু অনেক, যারা তাতে পরস্পর বিরুদ্ধভাবাপন্ন

শরীক এবং আরেক ব্যক্তির প্রভু কেবল একজন। এদের দু’জনের অবস্থা কি সমান?[1] সমস্ত প্রশংসা আল্লাহরই প্রাপ্য; [2] কিন্তু ওদের অধিকাংশই এ জানে না। [3]

[1] এতে মুশরিক (অংশীবাদী) ও মুখলিস (এক আল্লাহতে বিশ্বাসী) দৃষ্টান্ত বর্ণনা করা হয়েছে। অর্থাৎ, একজন দাস যার কয়েকজন মনিব আছে, সুতরাং তারা আপোসে তাকে নিয়ে ঝগড়া করে। আর একজন দাস যার মনিব মাত্র একজন, তার মালিকানায় অন্য কেউ শরীক নেই। উক্ত দাস দু’টি কি সমান হতে পারে? না কক্ষনই না। অনুরূপ ঐ মুশরিক ব্যক্তি যে আল্লাহর সাথে অন্য দ্বিতীয় উপাস্যের ইবাদত করে এবং ঐ মুখলিস মু’মিন ব্যক্তি যে একমাত্র এক আল্লাহর ইবাদত করে, তাঁর সাথে কাউকে শরীক করে না, উভয়ে সমান হতে পারে না।

[2] তাঁরই সমস্ত প্রশংসা এই জন্য যে, তিনি সকল প্রকার অকাট্য প্রমাণ পেশ করে দিয়েছেন।

[3] আর এই কারণেই তারা আল্লাহর সাথে শিরক করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4087

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন